



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
মাদরাসা পরিদর্শন দপ্তর  
বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-অধিভুক্তি/২০১৭/১৫৭১৪

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ  
০৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

চর সামন্তসার মোহসেনিয়া ফাজিল মাদরাসা, গোসাইরহাট, শরীয়তপুর (মাদরাসা কোড: ১১৮৫২, EIIN: ১১৩৫৭০)-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় তৃতীয় সংবিধি অনুযায়ী অধিভুক্তির শর্ত পূরণ না করায় ০৪.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১২তম সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ০৬.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৯তম সভার সুপারিশ এবং ১০.০২.২০২৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৫তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদরাসাকে নিম্নবর্ণিত শর্তে ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর ২৭.০২.২০২৬ থেকে ২৮.০২.২০২৮ তারিখ পর্যন্ত প্রাথমিক পাঠদানের মেয়াদ আগামী ০২ (দুই) বছরের জন্য বৃদ্ধি করা হলো:

শর্তসমূহ:

১. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি মোতাবেক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা ও কাম্য ফলাফল অর্জন করতে হবে;
২. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি মোতাবেক অখন্ড জমির পরিমাণ বৃদ্ধি করতে হবে;
৩. শ্রেণিকক্ষে মূল কিতাবের পাঠদান নিশ্চিত করতে হবে এবং আরবি কিতাব পাঠদানের ক্ষেত্রে আরবি ভাষা প্রধান্য দিতে হবে;
৪. প্রাথমিক পাঠদানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে



(মো: জাহান উদ্দিন)

সহকারী মাদরাসা পরিদর্শক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ


চর সামন্তসার মোহসেনিয়া ফাজিল মাদরাসা  
গোসাইরহাট, শরীয়তপুর

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-অধিভুক্তি/২০১৭/১৫৭১৪

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ  
০৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০;
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১;
৩. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা;
৪. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৫. সভাপতি, চর সামন্তসার মোহসেনিয়া ফাজিল মাদরাসা, গোসাইরহাট, শরীয়তপুর;
৬. অফিস নথি।



(মুহাম্মদ মশিউর রহমান)

সেকশন অফিসার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়